



প্রোফাইল

নৌ-পরিবহন মন্ত্রী জনাব শাজাহান খান ১৯৫২ সালের ১ জানুয়ারী মাদারীপুরের এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম এডভোকেট মৌলভী আসমত আলী খান ছিলেন একজন সর্বজন শ্রদ্ধেয় রাজনীতিবিদ, শিক্ষানুরাগী, সমাজসেবী এবং সংসদ সদস্য। তাঁর মাতার নাম মরহুম তাজন নেসা বেগম।

জনাব শাজাহান খান ১৯৬৬ সালে মাদারীপুরের ইউনাইটেড ইসলামিয়া হাই স্কুল হতে এসএসসি এবং মাদারীপুর নাজিম উদ্দিন কলেজ হতে ১৯৬৮ সালে এইচ এস সি পাশ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে মাদারীপুর নাজিম উদ্দিন কলেজ হতে স্নাতক ডিগ্রী অর্জন করেন।

জনাব শাজাহান খান ১৯৬৪ সালে হামিদুর রহমান শিক্ষা কমিশনের বিরুদ্ধে আন্দোলনের মধ্য দিয়ে ছাত্র রাজনীতি শুরু করেন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক আদর্শে তিনি ছাত্র রাজনীতিতে অনুপ্রাণিত হন। তিনি ১৯৬৬-৬৭ ও ১৯৬৭-৬৮ সালে মাদারীপুর মহকুমা ছাত্রলীগের সাধারণ সম্পাদক এবং ১৯৭০ সালে সভাপতি নির্বাচিত হন। তিনি মাদারীপুর নাজিম উদ্দিন কলেজ ছাত্র সংসদের নির্বাচিত জিএস এবং ভিপি ছিলেন। বর্তমানে তিনি জাতীয় শ্রমিক লীগের সহ-সভাপতি, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশনের নির্বাহী সভাপতি, গার্মেন্টস শ্রমিক সমন্বয় পরিষদের আহবায়ক এবং মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন মঞ্চের সভাপতি।

জনাব শাজাহান খান একজন বীর মুক্তিযোদ্ধা। মুক্তিযুদ্ধের সময় তিনি ভারতের দেহাদুনে প্রশিক্ষণ গ্রহণ করেন এবং মুক্তিযুদ্ধে খুব বীরত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি দেশের সকল গণতান্ত্রিক আন্দোলনে অগ্রণী ভূমিকা পালন করেছেন।

জনাব শাজাহান খান বিভিন্ন সামাজিক কর্মকান্ডের সাথে জড়িত। তিনি মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, ভারত, নেপাল, সংযুক্ত আরব আমিরাত, নিউজিল্যান্ড, মালয়শিয়া, সিঙ্গাপুর, জাপান, কেনিয়া, থাইল্যান্ড, ইতালি, কোরিয়া, চীন, হংকং, কানাডা, ফ্রান্স, জার্মান, বেলজিয়াম, সুইজারল্যান্ড, নেদারল্যান্ড এবং সৌদি আরব ভ্রমণ করেছেন।

জনাব শাজাহান খান বিবাহিত এবং এক কন্যা ও দুই পুত্র সন্তানের জনক। তাঁর স্ত্রী সৈয়দা রোকেয়া বেগম একজন কলেজ শিক্ষিকা ও সমাজসেবী।

জনাব শাজাহান খান ২৯ ডিসেম্বর ২০০৮ এ ৯ম জাতীয় সংসদ নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হন। তিনি ৩১ জুলাই, ২০০৯ এ মন্ত্রী হিসাবে শপথ গ্রহণ করেন এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ের দায়িত্ব পান। তিনি ২১ নভেম্বর ২০১৩ এ নির্বাচনকালীন অন্তর্বর্তী মন্ত্রিসভায় নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পালন করেন।

জনাব শাজাহান খান ৫ জানুয়ারি, ২০১৪ এ অনুষ্ঠিত ১০ম জাতীয় সংসদ নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হন এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে নিয়োজিত হন। তিনি ১৯৮৬ সাল থেকে পাঁচ বার সংসদ সদস্য নির্বাচিত হন।